Institutional Quality Assurance Cell (IQAC)
Room: 308, 401, Centre for Advanced Research in Arts and Social Sciences (CARASS) Building
University of Dhaka, Dhaka-1000, Bangladesh, Phone: +88 9666911463/4647-48, 4650

## পুনঃ বিজ্ঞপ্তি

ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেল (আইকিউএসি), ঢাকা বিশ্ববিদ্যালয়-এর উদ্যোগে আগামী ২২ জানুয়ারি ২০২৬ তারিখে প্রথমবারের মতো শিক্ষার্থীদের জন্য আয়োজিতব্য **"IQAC Student Research Conference"**- এ আগ্রহী শিক্ষার্থীদের নিকট থেকে **Abstract** আহ্বান করা হচ্ছে।

"IQAC Student Research Conference" কনফারেন্সের মাধ্যমে শিক্ষার্থীরা একটি একাডেমিক প্ল্যাটফর্মে নিজেদের গবেষণাকর্ম উপস্থাপনের অভিজ্ঞতা অর্জন করবে। আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, বিশ্বের শীর্ষ বিশ্ববিদ্যালয়গুলো শিক্ষার্থীদের নিয়ে নিয়মিত এধরনের কনফারেন্স আয়োজন করে থাকে। আমরা বিশ্বাস করি, এই কনফারেন্সের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের গবেষণা, প্রেজেন্টেশন ও একাডেমিক প্রকাশনা আন্তর্জাতিক মানে উন্নীত হতে সহায়ক হবে।

উক্ত কনফারেন্স-এ অংশগ্রহণের লক্ষ্যে আপনার ইনস্টিটিউট / বিভাগ-এর নিম্নোক্ত পর্যায়ের শিক্ষার্থীরা তাদের নিজ নিজ যে কোন একটি গবেষণাধর্মী বিষয়ের উপর অনধিক ২০০ শব্দের মধ্যে **Abstract** ইংরেজিতে প্রস্তুত করে (একটি শিরোনাম, শিক্ষার্থীর নাম, বর্ষ, মোবাইল নম্বর, ই-মেইল এবং ৫টি **Keywords**-সহ) নিম্নোক্ত **QR Code** টি স্ক্যান করে **Abstract Submit** করতে পারবে।

Abstract জমা দিতে পারবে যেসব শিক্ষার্থীঃ

১. অনার্স চতুর্থ বর্ষের প্রজেক্ট শিক্ষার্থী
২. মাস্টার্স থিসিস/ প্রজেক্ট শিক্ষার্থী
৩. এম.ফিল শিক্ষার্থী
৪. পিএইচডি শিক্ষার্থী
৫. গবেষণায় অগ্রসর যে কোন বর্ষের শিক্ষার্থী

**To Submit Abstract**
**Scan here**

**Abstract** জমাদানের নির্ধারিত শেষ তারিখ: ০৬ অক্টোবর, ২০২৫
রেজিস্ট্রেশনের নির্ধারিত শেষ তারিখ: ২১ অক্টোবর, ২০২৫
রেজিস্ট্রেশন ফি: ৫০০/-
রেজিস্ট্রেশন ফি জমাদান: আইকিউএসি অফিস

<u>যোগাযোগের ঠিকানা</u>
কক্ষ নং ৩০৮ (তৃতীয় তলা), ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেল (আইকিউএসি)
সেন্টার ফর অ্যাডভান্সড রিসার্চ ইন আর্টস অ্যান্ড সোশ্যাল সায়েন্সেস (CARASS) ভবন, টিএসসি কম্পাউন্ড
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০

ধন্যবাদান্তে,

প্রফেসর ড. এম. রেজাউল ইসলাম
পরিচালক
ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়

Institutional Quality Assurance Cell (IQAC)
Room: 308, 401, Centre for Advanced Research in Arts and Social Sciences (CARASS) Building
University of Dhaka, Dhaka-1000, Bangladesh, Phone: +88 9666911463/4647-48, 4650

## সংশোধিত বিজ্ঞপ্তি (রেজিস্ট্রেশনের সময় বৃদ্ধি)

**ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেল (আইকিউএসি), ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অধীনে IQAC English Language Club-কর্তৃক প্রথম বারের মতো আয়োজিত প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ এবং ইনস্টিটিউটসমূহের শুধুমাত্র প্রথম বর্ষের (প্রথম ও দ্বিতীয় সেমিস্টার) আগ্রহী শিক্ষার্থীদের নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদনের আহ্বান করা হচ্ছে।**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিকাংশ বিভাগ/ইনস্টিটিউটসমূহে শিক্ষা কার্যক্রম ইংরেজি ভাষায় পরিচালিত হয়ে থাকে। এজন্য বিশ্ববিদ্যালয়ে ভর্তির পর প্রথম বর্ষের বেশিরভাগ শিক্ষার্থীরা বিভাগ/ইনস্টিটিউটসমূহে শিক্ষা কার্যক্রমে ইংরেজি ভাষা ব্যবহারের ক্ষেত্রে নানাবিধ সমস্যা ও জটিলতার সম্মুখীন হয়ে থাকে। পরবর্তী বছরগুলোতে ইংরেজির প্রতি দুর্বলতা তার শিক্ষাকার্যক্রমকে ক্রমান্বয়ে ব্যহত করে। এসকল সমস্যা ও জটিলতা হ্রাস করা এবং একই সাথে দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ বর্ষের শিক্ষা কার্যক্রমে ইংরেজি ভাষা ব্যবহারের ক্ষেত্রে আরো দক্ষতা বৃদ্ধি এবং পঠন-পাঠনে ইংরেজি ভাষা সহজীকরণের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ ও ইনস্টিটিউটসমূহের শুধুমাত্র **স্নাতক প্রথম বর্ষে (প্রথম ও দ্বিতীয় সেমিস্টার) অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থীদের** জন্য দুই মাসে ৩২ টি সেশনে (সপ্তাহে ৪ কর্মদিবসে প্রতিটি সেশন ০১ ঘন্টা ৩০ মিনিট ব্যাপী) **"Enhancement of English Language Skill"**-শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা আইকিউএসি এর সভাকক্ষে আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অভিজ্ঞ প্রশিক্ষকবৃন্দের দ্বারা এ প্রশিক্ষণ সেবা প্রদান করা হবে। প্রশিক্ষণ শেষে আইকিউএসি-ডিইউ কর্তৃক সনদপত্র প্রদান করা হবে।

**প্রশিক্ষণ কর্মশালা শুরুর সম্ভাব্য তারিখঃ ১২ অক্টোবর ২০২৫ (সংশোধিত)**
**সম্ভাব্য সময়সূচীঃ প্রতি কর্মদিবসে বিকেল ৫.০০ থেকে সন্ধ্যা ৬.৩০ পর্যন্ত**
**প্রশিক্ষণ ফিঃ ২,০০০/- (দুই হাজার টাকা মাত্র)**

এ প্রশিক্ষণটির প্রথম ব্যাচ **১২ অক্টোবর ২০২৫ (সংশোধিত)** থেকে শুরু হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ এবং ইনস্টিটিউটসমূহ থেকে উক্ত প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণে আগ্রহী স্নাতক প্রথম বর্ষে (প্রথম ও দ্বিতীয় সেমিস্টার) অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থীদের নিম্নের ঠিকানায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে। রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান থাকবে।

বি.দ্রঃ প্রতিটি ব্যাচে আসন সংখ্যা সর্বোচ্চ ২৫ জন এবং রেজিস্ট্রেশন অগ্রাধিকার ভিত্তিতে ব্যাচ নির্ধারণ করা হবে। উল্লেখ্য যে কোন প্রয়োজনে কর্তৃপক্ষ সিদ্ধান্ত পরিবর্তনের এখতিয়ার রাখে।

যোগাযোগের ঠিকানা
কক্ষ নং ৩০৮ (তৃতীয় তলা), ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেল (আইকিউএসি)
সেন্টার ফর অ্যাডভান্সড রিসার্চ ইন আর্টস অ্যান্ড সোশ্যাল সায়েন্সেস (CARASS) ভবন, টিএসসি কম্পাউন্ড
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০
মোবাইল-০১৬৮০-৩৩৫৪২৮

ধন্যবাদান্তে

অধ্যাপক ড. এম রেজাউল ইসলাম
পরিচালক
ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেল
ঢাকা বিশ্ববিদ্যালয়

E-mail: iqac@du.ac.bd

Institutional Quality Assurance Cell (IQAC)
Room: 308, 401, Centre for Advanced Research in Arts and Social Sciences (CARASS) Building
University of Dhaka, Dhaka-1000, Bangladesh, Phone: +88 9666911463/4647-48, 4650

## সংশোধিত বিজ্ঞপ্তি (রেজিস্ট্রেশনের সময় বৃদ্ধি)

ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেল (আইকিউএসি), ঢাকা বিশ্ববিদ্যালয়-এর গবেষণা প্রকল্পের অধীনে দ্বিতীয় পর্যায়ে সামাজিক গবেষণা প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের সকল বিভাগ এবং সংশ্লিষ্ট ইনস্টিটিউটসমূহের আগ্রহী শিক্ষার্থীদের নিকট থেকে নির্ধারিত ফরমে আবেদনের আহ্বান করা হচ্ছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের সকল বিভাগ এবং সংশ্লিষ্ট ইনস্টিটিউটসমূহের স্নাতক (১ম সেমিস্টার-৮ম সেমিস্টার পর্যন্ত) ও স্নাতকোত্তর শ্রেণীতে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থীদের জন্য ১০ টি সেশনে (প্রতিটি ০১ ঘন্টা ৩০ মিনিট) ১০ দিন ব্যাপী "Foundation Research Methodology Training (Arts & Social Sciences)" শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা Institutional Quality Assurance Cell (IQAC), University of Dhaka-এর সভাকক্ষে আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অভিজ্ঞ গবেষকদের দ্বারা এ প্রশিক্ষণ সেবা প্রদান করা হবে। প্রশিক্ষণ শেষে আইকিউএসি-ডিইউ কর্তৃক সনদপত্র প্রদান করা হবে।

| কর্মশালায় অন্তর্ভুক্ত বিষয়সমূহ | |
|---|---|
| ➢ Introduction to Social Research | ➢ Mixed Methods Research |
| ➢ Philosophical Paradigms & Ethics in Social Research | ➢ Data Collection Tools & Instruments |
| ➢ Literature Review & Theoretical Framework | ➢ Data Analysis Techniques & Presentation |
| ➢ Quantitative Research Methods | ➢ Research Proposal Writing |
| ➢ Qualitative Research Methods | ➢ Research Report & Publication Process |

সম্ভাব্য সময়সূচীঃ প্রতি কর্মদিবসে দুপুর ৩.০০ থেকে বিকাল ৪.৩০ পর্যন্ত
প্রশিক্ষণ ফিঃ ৩,০০০/- (তিন হাজার টাকা মাত্র)

উল্লেখ্য, শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের সময় বৃদ্ধি সংশ্লিষ্ট আবেদনের বিষয়টি বিবেচনা করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের সকল বিভাগ এবং সংশ্লিষ্ট ইনস্টিটিউটসমূহ থেকে উক্ত প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণে আগ্রহী শিক্ষার্থীদের আগামী ০৯ অক্টোবর ২০২৫ তারিখের মধ্যে নিম্নের ঠিকানায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

বি.দ্রঃ প্রতিটি ব্যাচে আসন সংখ্যা সর্বোচ্চ ৩৫ জন এবং রেজিস্ট্রেশন অগ্রাধিকার ভিত্তিতে ব্যাচ নির্ধারণ করা হবে। যে কোন প্রয়োজনে কর্তৃপক্ষ সিদ্ধান্ত পরিবর্তনের এখতিয়ার রাখে।

যোগাযোগের ঠিকানা
কক্ষ নং ৪০১, ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেল (আইকিউএসি),
সেন্টার ফর অ্যাডভান্সড রিসার্চ ইন আর্টস অ্যান্ড সোশ্যাল সায়েন্সেস (CARASS) ভবন, টিএসসি কম্পাউন্ড
ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০
মোবাইল-০১৭৯৮-০৫১৯৯৮

ধন্যবাদান্তে

অধ্যাপক ড. এম রেজাউল ইসলাম
পরিচালক
ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেল
ঢাকা বিশ্ববিদ্যালয়